দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 JAN 2015

# জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদযাপন

■ ইত্তেফাক ডেস্ক

"শিক্ষিত মা এক সুরভিত ফুল, প্রতিটি ঘর হবে এক একটি স্কুল" এ স্লোগান নিয়ে দেশব্যাপী গতকাল বুধবার, জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালিত হয়। এ উপলক্ষে প্রাথমিক শিক্ষা অফিস ও প্রশাসনের উদ্যোগে শোভাযাত্রা, আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

### ময়মনসিংহ

জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে ময়মনসিংহে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তাহমিনা আক্তারের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন জাহান।

### মেহেরপুর

এ উপলক্ষে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমি চত্বর থেকে ব্যানার ফেস্টুন বহন করে ঢোলঢাক বাজিয়ে ছাত্র-ছাত্রী ও শিক্ষক শিক্ষিকাদের শোভাযাত্রা শহর প্রদক্ষিণ করে। শোভাযাত্রায় ছিলেন জেলা প্রশাসক মাহমুদ হোসেন ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এসএস তোফিকুজ্জামান। শোভাযাত্রাটি জেলা প্রশাসক কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে জেলা সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এসএস তোফিকুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মাহমুদ হোসেন। সভায় বক্তব্য রাখেন, এডিপিও জাভেদ আক্তার, এটিও আবুল ফজল, ফিরোজুর রহমান ও সৈয়দ মাসুদুর রহমান।

### মাদারীপুর

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন উপলক্ষে জেলা সদরে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. শহীদুল ইসলামের নেতৃত্বে একটি শোভাযাত্রা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। শোভাযাত্রা শেষে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক জিএসএম জাফরউল্লাহসহ বিভিন্ন বক্তা।

### চাঁপাইনবাবগঞ্জ

চাঁপাইনবাবগঞ্জে এ উপলক্ষে একটি শোভাযাত্রা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শুরু করে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহীদ সাট্টুলে শেষ হয়। এতে অংশগ্রহণ করেন জেলা প্রশাসক মোহাম্মদ জাহাঙ্গীর কবীর, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. নজরুল ইসলাম, ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সায়েদুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শামীম আহমেদ খান, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মারুফুল হকসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা।

### খাগড়াছড়ি

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের যৌথ উদ্যোগে শিশু একাডেমির সামনে থেকে এক শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রায় শহরের বিভিন্ন সরকারি প্রাথমিক স্কুলের শিক্ষক শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। পরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সময় বক্তব্য রাখেন, খাগড়াছড়ি জেলা প্রশাসক মুহাম্মদ ওয়াহিদুজ্জামান, পুলিশ সুপার শেখ মো. মিজানুর রহমান, পার্বত্য জেলা পরিষদের সদস্য মো. সাহাবউদ্দিন মিয়া, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রিটন কুমার বড়ুয়া।

### গোপালগঞ্জ

এ উপলক্ষে গোপালগঞ্জে শোভাযাত্রা, শিক্ষা মেলা ও শিক্ষামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছে। পরে এক আলোচনা




রায়পুর (নরসিংদী): জাতীয় শিক্ষা দিবস উপলক্ষে শোভাযাত্রা -ইত্তেফাক

সভা ও শিক্ষামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শোভাযাত্রায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) রফিকুল ইসলাম, উপজেলা চেয়ারম্যান লুৎফার রহমান বাচ্চু, জেলা শিক্ষা কর্মকর্তা এরশাদ উদ্দিন আহম্মেদসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশ নেয়

### ভাণ্ডারিয়া (পিরোজপুর)

উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে ভাণ্ডারিয়ায় জাতীয় শিক্ষা সপ্তাহে শত শত শিক্ষার্থী প্লাকার্ড হাতে শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি (জেপি)'র উপজেলা যুগ্ম আহবায়ক ও ভাণ্ডারিয়া সদর ইউপি চেয়ারম্যান মো. গোলাম সরওয়ার জোমাদ্দার, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এ বি এম রফিকুল ইসলাম, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মিজানুর রহমান, মো. ইউছুফ আলী, উপজেলা শিক্ষক নেতা কাজী ফজলুর রহমান, শিক্ষক আ. রাজ্জাক ও সুমন মোল্লা প্রমুখ।

### ভূঞাপুর (টাঙ্গাইল)

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে ইউএনও মোহাম্মদ হেলালুজ্জামান সরকারের নেতৃত্বে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে ভূঞাপুর মডেল প্রাথমিক বিদ্যালয় গিয়ে শেষ হয়। এতে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শাহিনুল ইসলাম তরফদার বাদল, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শাহীন আশরাফি, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মীর মোহাম্মদ জাহিদুল কবীর তুহিন, ভূঞাপুর মডেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মমতাজ খানমসহ প্রাথমিক শিক্ষা অফিসের কর্মকর্তাগণসহ বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

### রায়পুরা (নরসিংদী)

এ উপলক্ষে নরসিংদীর রায়পুরা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শোভাযাত্রায় উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীসহ শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। ইউএনও মো. আব্দুল মতিনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. মাসুদ রানা, কৃষি কর্মকর্তা ড. সাফায়েত আহম্মেদ সিদ্দিকী, যুব উন্নয়ন কর্মকর্তা, মো. জাকির হোসেন মোল্লা, সমাজ সেবা কর্মকর্তা রেদোয়ান হোসেন প্রমুখ।

### চাটমোহর (পাবনা)

পাবনার চাটমোহরে এ উপলক্ষে সকালে একটি শোভাযাত্রা বের হয়। উপজেলা পরিষদ শহীদ মিনার চত্বরে ইউএনও মো. শফিকুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মো. হাসাদুল ইসলাম হীরা। বক্তব্য রাখেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোছা. সুফিয়া খাতুন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. হাফিজুর রহমান, শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. আমিনুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা মো. আব্দুল মালেক, প্রেসক্লাব সভাপতি রকিবুর রহমান টুকুন প্রমুখ।

### কোটালীপাড়া (গোপালগঞ্জ)

গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলায় এ উপলক্ষে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা শিক্ষা অফিস ও কোটালীপাড়া এডিপির যৌথ উদ্যোগে একটি শোভাযাত্রা উপজেলা পরিষদ চত্বর বের হয়। উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. শহিদুল ইসলামের সভাপতিত্বে সভায় ইউএনও মোহাম্মদ মিকাইল, ভাইস চেয়ারম্যান লক্ষ্মী রানী সরকার, উপজেলা কৃষি কর্মকর্তা রথীন্দ্রনাথ বিশ্বাস, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি কৃষ্ণ কান্ত সরকার, সাধারণ সম্পাদক কাজী সাফায়েত হোসেন বক্তব্য রাখেন।

### কালীগঞ্জ (গাজীপুর)

এ উপলক্ষে গাজীপুরের কালীগঞ্জ উপজেলা শিক্ষা অফিসের উদ্যোগে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা পরিষদ চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে কালীগঞ্জের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলার শহীদ ময়েজ উদ্দিন অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ইউএনও মো. মাহবুবুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. মোয়াজ্জেম হোসেন পলাশ। উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা মোসা. জান্নাতুল ফেরদৌস ও মো. মনির হোসেনের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- ইউএনও মো. মনিরুজ্জামান, সহকারী কমিশনার (ভূমি) ভাস্কর দেবনাথ বাপ্পি।

### ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)

দিবসটি পালন উপলক্ষে শহরে শোভাযাত্রা বের করা হয়। উপজেলা পরিষদ হলরুমে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রোকেয়া আক্তার খাতুনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা তোফায়েল আহমেদ। আরো বক্তব্য রাখেন, উপজেলা মাধ্যমিক কর্মকর্তা শফিউল্লাহ সরকার, ইউ আর সি কর্মকর্তা এ এইচ এম শরিফুল্লাহ, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা নুরুল আমিন, রেজাউল করিম, আবু ছিদ্দিক জাহানারা খাতুন, সাজ্জাদ হোসেন তালুকদার।

### ঝিনাইগাতী (শেরপুর)

ঝিনাইগাতী উপজেলায় ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ২০১৫ পালিত হয়েছে। এ উপলক্ষে উপজেলা প্রশাসনের উদ্যোগে শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা পরিষদ চত্বরে সভায় বক্তব্য রাখেন, উপজেলা চেয়ারম্যান আমিনুল ইসলাম বাদশা, ইউএনও মোহাম্মদ মোজাম্মেল হক, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আবু বকর সিদ্দিক, সহকারী শিক্ষা কর্মকর্তা জাহানারা বেগম, ওয়ার্ল্ড ভিশনের শিক্ষা ব্যবস্থাপক উইলিয়াম ফ্রান্সিস বসু, শেরপুর জেলা ব্র্যাক প্রতিনিধি আতাউর রহমান, উপজেলা সদরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক মনোয়ারা বেগম প্রমুখ।

### রানীশংকৈল (ঠাকুরগাঁও)

ঠাকুরগাঁওয়ের রানীশংকৈল উপজেলায় এ উপলক্ষে সকালে উপজেলা চত্বর থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। পরে উপজেলা হলরুমে শিক্ষা কর্মকর্তা আফজাল হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ও উদ্বোধক ছিলেন ঠাকুরগাঁও-৩ সংসদ সদস্য অধ্যাপক ইয়াসির আলী। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মিজানুর রহমান ও মহিলা ভাইস চেয়ারম্যান মাহফুজা বেগম।

এ ছাড়া নেত্রকোনার দুর্গাপুর, মদন, কলমাকান্দা, শেরপুরের নালিতাবাড়ী, পাবনার আটঘরিয়া, সুজানগর, ফরিদপুর, গোপালগঞ্জের মুকসুদপুর, বগুড়ার শেরপুর, ফরিদপুরের সদরপুর, মধুখালী, সালথা, ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর, ময়মনসিংহের ত্রিশাল, লক্ষ্মীপুরের রামগতি, কমলনগর, হবিগঞ্জের বানিয়াচং, খুলনার ডুমুরিয়া, কয়রা, সুনামগঞ্জের জগন্নাথপুর, নীলফামারীর কিশোরগঞ্জ, ভোলার মনপুরা, নারায়ণগঞ্জের রূপগঞ্জ, গোপালদী বাজার, দিনাজপুরের বিরামপুর, কিশোরগঞ্জের হোসেনপুর, পাকুন্দিয়া, বাগেরহাটের মোরেলগঞ্জ, নোয়াখালীর হাতিয়া, গাজীপুরের কাপাসিয়াকের, ঝিনাইদহের মহেশপুর, জামালপুরের ইসলামপুর, টাঙ্গাইলের ভুয়াপুর, নাগরপুর, বগুড়ার কাহালু, শরীয়তপুরের গোসাইরহাট, কুমিল্লার মুরাদনগরসহ বিভিন্ন স্থানে অনুরূপ কর্মসূচি পালিত হয়েছে।